

Subject : Sanskrit, Semester : 1st & 3rd

Course : GENERIC ELECTIVE (GE-1) Course -1

GENERIC ELECTIVE (GE-2) Course -1

Paper : SANS-H-GE-T-1

❖ 'अश्वघोष' and discuss his literary works. अश्वघोष ও তাঁর রচনাবলী সম্পর্কে আলোচনা কর।

10

উত্তরঃ মহাযান বৌদ্ধ সম্প্রদায়ের অন্যতম পথিকৃৎরূপে প্রসিদ্ধ পণ্ডিত অশ্বঘোষকে অনেক পণ্ডিত প্রাক্ কালিদাস যুগের অলঙ্কৃত বা রাজসভাশ্রিত মহাকাব্যের প্রথম প্রতিভাধর মহাকবি বলে মনে করেন। তাঁর আবির্ভাবকাল সম্বন্ধে নিশ্চিত সিদ্ধান্তে উপনীত হতে না পারলেও বর্তমানে তাঁকে খ্রীষ্টীয় প্রথম শতকের কুশাণ সম্রাট কণিষ্কের সমসাময়িক বলে মনে করা হয়। কিংবদন্তী থেকে জানা যায় যে, তিনি ব্রাহ্মণ ছিলেন। পরে তিনি বৌদ্ধধর্ম গ্রহণ করে মধ্যভারতের কিছু অংশে ধর্মপ্রচার করেন এবং পরে কণিষ্কের রাজসভায় স্থান লাভ করেন। তিনি ছিলেন সাকেত (অযোধ্যা) নগরের অধিবাসী। তাঁর মাতার নাম সুবর্ণাঙ্কী এবং তাঁর উপাধি ছিল ভদন্ত, মহাবাদিন, মহাকবি প্রভৃতি।

অশ্বঘোষের রচনা বলে অনেক গ্রন্থ প্রচলিত আছে। তবে সেগুলির মধ্যে বুদ্ধচরিত ও সৌন্দরনন্দ নামে দুটি মহাকাব্য এবং শারীপুত্রপ্রকরণ নামে একটি রূপক (দৃশ্যকাব্য) নিঃসন্দেহে তাঁর রচনা। গণ্ডীশ্চোত্রগাথা নামে বৌদ্ধমন্দিরের ঘণ্টার একটি শ্চোত্রগ্রন্থও সম্ভবতঃ তাঁর রচনা। তাঁর নামে প্রচলিত বজ্রসূচী, কল্পনামণ্ডিতিকা, সূত্রালংকার ও ত্রিদণ্ডমালা সম্ভবতঃ ধর্মকীর্তি, কুমারলাত প্রভৃতি অন্য কারো রচনা। নিচে বুদ্ধচরিত, সৌন্দরনন্দ ও শারীপুত্রপ্রকরণ ও গণ্ডীশ্চোত্রগাথা সম্বন্ধে সংক্ষিপ্ত আলোচনা করা হল।

বুদ্ধচরিত- অশ্বঘোষের শ্রেষ্ঠ মহাকাব্য বুদ্ধচরিতের অসম্পূর্ণ প্রথম সর্গ এবং তার পরের ১৩টি সর্গ মাত্র আমরা পেয়েছি। নেপালের কবি অমৃতানন্দ এর সঙ্গে আরো চারটি সর্গ যোগ করায় বর্তমানে এটিতে ১৭টি সর্গ আছে। চৈনিক পরিব্রাজক হিঁ-সিং-এর মতে এতে ২৮টি সর্গ ছিল। খ্রীষ্টীয় পঞ্চম শতকের চীনা অনুবাদে এবং খ্রীষ্টীয় সপ্তম-অষ্টম শতকের তিব্বতী অনুবাদেও ২৮টি সর্গই আছে। পরবর্তী কিছু টীকাকার ও কাব্যমীমাংসাকার রাজশেখর এই গ্রন্থ থেকে কিছু শ্লোকের উদ্ধৃতি দিয়েছেন। বুদ্ধদেবের জীবনী ও কার্যাবলী মহাকাব্যটির মূল বিষয়বস্তু। বুদ্ধদেবের জন্মবর্ণনা দিয়ে গ্রন্থটির শুরু আর অশোকের রাজত্ববর্ণনায় শেষ। কাব্য-সৌন্দর্য ক্ষুণ্ণ না করেও এতে বুদ্ধদেবের উপদেশাবলীর সারমর্ম অতি নিপুণভাবে অভিব্যক্ত হয়েছে। ভগবান বুদ্ধের রোগ-জরা-মৃত্যু-সন্ন্যাসী-দর্শন, নির্বেদ, সংসার ত্যাগ, তপস্যা, মারসেনার পরাজয় প্রভৃতি ঘটনাবলীর এবং রাজা-রাণী-নগর প্রভৃতির বর্ণনায় ও রসের স্কুরণে মহাকবি যথেষ্ট নৈপুণ্য প্রদর্শন করেছেন। বুদ্ধদেবের সংসার ত্যাগে পত্নী যশোধরার বিলাপে সুগভীর করুণরসের সঞ্চারণ ঘটেছে। সুজাতার বর্ণনাটিও বেশ সহজ-সরল ও কাব্যধর্মী। সরল-সাবলীল ভাষা, ছন্দোনিপুণ্য, সংযত অলংকার প্রয়োগ ও মনোরম বর্ণনায় বুদ্ধচরিত মহাকাব্যটি বেশ হৃদয়গ্রাহী হয়েছে। মহাকবি কালিদাস অশ্বঘোষের প্রভাবে বেশ প্রভাবিত হয়েছিলেন বলে অনেকে মনে করেন।

সৌন্দরনন্দ-অষ্টাদশ সর্গে বিরচিত সৌন্দরনন্দ মহাকাব্যটি সম্ভবতঃ অশ্বঘোষের প্রথম রচনা। বুদ্ধদেবের বৈমাট্রেয় ভ্রাতা নন্দ দেখতে খুব সুন্দর ছিলেন বলে তাঁর অপের নাম সুন্দর। তাঁর স্ত্রীর নাম সুন্দরী। সম্ভবতঃ তাঁদের নামানুসারেই মহাকাব্যটির এই নাম হয়েছে। প্রথম ছটি সর্গে আছে কপিলাবস্তু নগরের বর্ণনা, বুদ্ধদেব ও নন্দের জন্মের বিবরণ, পত্নী সুন্দরীর প্রতি নন্দের আসক্তি, নন্দের অনিচ্ছা সত্ত্বেও তাকে বুদ্ধদেবের দীক্ষাদান এবং ধর্মান্তরিত নন্দের জন্য সুন্দরীর আক্ষেপের বর্ণনা। বাকি প্রায় সমগ্র মহাকাব্যই বুদ্ধদেবের মূল নীতি ও শিক্ষায় পরিপূর্ণ। কবি অপেক্ষা ধর্মপ্রচারক অশ্বঘোষের পরিচয়ই এই কাব্যে সমধিক অবশ্য নন্দের প্রতি সুন্দরীর অনুরাগ এবং নন্দ কর্তৃক তার পরিত্যাগের বর্ণনা পাঠকচিত্ত বিগলিত করে।

শারীপুত্রপ্রকরণ-বিনয়পিটকে বর্ণিত শারিপুত্র ও তাঁর বন্ধু মৌদগল্যায়নের কাহিনী নিয়ে নয় অঙ্কে রচিত প্রকরণ শ্রেণীর এই দৃশ্যকাব্যটিতে ক্ষত্রিয়ের নিকট দীক্ষাগ্রহণে বিদুষকের বাধা সত্ত্বেও বন্ধু মৌদগল্যায়নের সঙ্গে বুদ্ধদেবের কাছে গিয়ে বন্ধুসহ শারিপুত্রের দীক্ষা নেবার বর্ণনা আছে। নবদীক্ষিত দুই শিষ্যের প্রশংসা করে বুদ্ধদেব তাঁদের আশীর্বাদ করলেন। প্রকরণটিতে অশ্বঘোষের প্রতিভার পরিচয় পাওয়া যায়।

গণ্ডীশ্চোত্রগাথাঃ- মাত্র ঊনত্রিশটি শ্লোকে, শ্রদ্ধরা ছন্দে রচিত অশ্বঘোষের এক সুন্দর গীতিকাব্য গণ্ডীশ্চোত্রগাথা। একালে বৌদ্ধ মঠে গণ্ডী নামক এক বিশেষ বাদ্যযন্ত্র রাখা হতো। কাষ্ঠখণ্ডের দ্বারা আঘাত করলে তা থেকে মনোহর ধ্বনি উথিত হতো। সেই ধ্বনির মর্মগত আবেদন ধার্মিকের নিকট যে কতখানি তাৎপর্যপূর্ণছিল, তারই ব্যাখ্যা করে গণ্ডী নামক বাদ্য-যন্ত্রটির প্রশংসা করে শ্চোত্র রচনা করেন কবি অশ্বঘোষ।

অশ্বঘোষ ছিলেন এক সত্যদ্রষ্টা কবি। তিনি কাব্যের মাধুরীর সঙ্গে বৌদ্ধধর্মের পরম ভেষজ মিশ্রিত করে মানুষের সেবায় বিলিয়ে দিয়েছেন।